# কাঁকনহাট পৌরসভা, রাজশাহী

স্থাপিত-২০০২ খ্রি.

www.kakonhatpourashava.com, Email:kakonhatpourashava555@gmail.com


স্মারক নং:-৪৬.০০.৮১৫৫.০০০.১৮.০০৭.১৫.২১১ তারিখ:- ১০/০৪/২০২৫ খ্রি.

## বাংলা ১৪৩২ সনের জন্য হাট-বাজার ও পাবলিক টয়লেট পুনঃইজারা বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কাঁকনহাট পৌরসভার নিয়ন্ত্রণাধীন কাঁকনহাট হাট-বাজার বাংলা ১৪৩২ সনের অবশিষ্ট মেয়াদের জন্য নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে ইজারা প্রদানের নিমিত্ত ইজারা গ্রহণে ইচ্ছুক ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে সীলমোহরকৃত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে।

### হাট-বাজার ও পাবলিক টয়লেটের তফসিল

| ক্রমিক নং | ইজারা মহালের নাম | সরকারি মূল্য | সিডিউল মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ০১। | কাঁকনহাট হাট-বাজার | ২,৮৬,৬০,৬৩৩/- | ৫৮,০০০/- | সরকারি ইজারা মূল্য অপেক্ষা দাখিলকৃত ইজারা মূল্য কম হলে নিয়ন্ত্রক কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে। |
| ০২ | পাবলিক টয়লেট-০১টি (মাংশ পট্টি) | ৫৩,৭০৭/- | ৫০০/- | |

### ইজারা ক্যালেন্ডার

| ক্রমিক নং | দরপত্র বিক্রয়ের শেষ তারিখ (অফিস চলাকালীন সময় পর্যন্ত) | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র বাক্স খোলার তারিখ ও সময় | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ম বার দরপত্র বিজ্ঞপ্তি | ২৮/০৪/২০২৫ খ্রি. | ২৯/০৪/২০২৫ খ্রি. দুপুর ১:০০ ঘটিকা পর্যন্ত | ২৯/০৪/২০২৫ বিকাল ৩:০০ ঘটিকা | উল্লিখিত তারিখ অনুযায়ী কাঙ্খিত দর পাওয়া না গেলে অথবা দাখিলকৃত দর অনুমোদিত না হলে পর্যায়ক্রমে দরপত্র আহ্বান অব্যাহত থাকবে। তবে যে কোন বার দরপত্র অনুমোদিত হলে পরবর্তীতে উক্ত দরপত্র সংক্রান্ত কার্যক্রম স্থগিত বলে গণ্য হবে। দরপত্র অনুমোদিত হলে অনুমোদিত সময়ের জন্য হারাহারি সূত্রে ইজারামূল্য নির্ধারিত হবে। |
| ২য় বার দরপত্র বিজ্ঞপ্তি | ১৪/০৫/২০২৫ খ্রি. | ১৫/০৫/২০২৫ খ্রি. দুপুর ১:০০ ঘটিকা পর্যন্ত | ১৫/০৫/২০২৫ খ্রি. বিকাল ৩:০০ ঘটিকা | |
| ৩য় বার দরপত্র বিজ্ঞপ্তি | ০১/০৬/২০২৫ খ্রি. | ০২/০৬/২০২৫ খ্রি. দুপুর ১:০০ ঘটিকা পর্যন্ত | ০২/০৬/২০২৫ খ্রি. দুপুর ৩:০০ ঘটিকা | |
| ৪র্থ বার দরপত্র বিজ্ঞপ্তি | ১৮/০৬/২০২৫ খ্রি. | ১৯/০৬/২০২৫ খ্রি. দুপুর ১:০০ ঘটিকা পর্যন্ত | ১৯/০৬/২০২৫ খ্রি. দুপুর ৩:০০ ঘটিকা | |
| ৫ম বার দরপত্র বিজ্ঞপ্তি | ০৭/০৭/২০২৫ খ্রি. | ০৮/০৭/২০২৫ খ্রি. দুপুর ১:০০ ঘটিকা পর্যন্ত | ০৮/০৭/২০২৫ খ্রি. দুপুর ৩:০০ ঘটিকা | |
| ৬ষ্ঠ বার দরপত্র বিজ্ঞপ্তি | ২৩/০৭/২০২৫ খ্রি. | ২৪/০৭/২০২৫ খ্রি. দুপুর ১:০০ ঘটিকা পর্যন্ত | ২৪/০৭/২০২৫ খ্রি. দুপুর ৩:০০ ঘটিকা | |
| ৭ম বার দরপত্র বিজ্ঞপ্তি | ১০/০৮/২০২৫ খ্রি. | ১১/০৮/২০২৫ খ্রি. দুপুর ১:০০ ঘটিকা পর্যন্ত | ১১/০৮/২০২৫ খ্রি. দুপুর ৩:০০ ঘটিকা | |

### শর্তাবলি

০১। ইজারা দরপত্র সিডিউল অফিস চলাকালীন সময়ে (ছুটির দিন ব্যতীত) নির্ধারিত মূল্যে (অফেরৎ যোগ্য) ঃ (ক) জেলা প্রশাসক, রাজশাহী (খ) উপজেলা নির্বাহী অফিসার, গোদাগাড়ী, রাজশাহী (গ) সহকারী কমিশনার (ভূমি), গোদাগাড়ী, রাজশাহী (ঘ) অফিসার ইনচার্জ, গোদাগাড়ী মডেল থানা (ঙ) সোনালী ব্যাংক লিমিটেড, গোদাগাড়ী শাখা, রাজশাহী এবং (চ) কাঁকনহাট পৌরসভা কার্যালয় হতে দরপত্র সিডিউল ক্রয় করা যাবে।

০২। ইজারা ক্যালেন্ডার অনুযায়ী (ক) জেলা প্রশাসক, রাজশাহী এর কার্যালয় (খ) পুলিশ সুপারের কার্যালয়, রাজশাহী (গ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, গোদাগাড়ী, রাজশাহী (ঘ) সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়, গোদাগাড়ী, রাজশাহী এবং (ঙ) কাঁকনহাট পৌরসভা কার্যালয়ে রক্ষিত বাক্সে দরপত্র দাখিল করা যাবে এবং ঐদিন বেলা ৩:০০ ঘটিকা সময় পৌরসভা কার্যালয়ে উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে।

০৩। প্রাপ্ত দরপত্রের মধ্যে সর্বোচ্চ দর গ্রহণ করা হবে, তবে তা সরকারি ইজারা মূল্যের চেয়ে বেশি হতে হবে। দরপত্র দাতাকে উদ্ধৃত মূল্যের ৩০% অর্থ যে কোন তফসিলভুক্ত ব্যাংক হতে প্রশাসক, কাঁকনহাট পৌরসভার অনুকূলে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আকারে জমা দিতে হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার পরিষ্কার-পরিচ্ছন্ন না করলে বা অন্য কোন ভাবে হাট-বাজারের ক্ষতিসাধন করলে উক্ত জামানত হতে ক্ষতিপূরণ/ব্যয় নির্বাহ করা হবে। বছর সমাপনান্তে অব্যবহৃত অর্থ জামানতকারীর বরাবর প্রত্যার্পণ করা হবে।

০৪। দরদাতার সর্বোচ্চ দর কর্তৃপক্ষের নিকট সন্তোষজনক বলে বিবেচিত ও অনুমোদিত হলে দরদাতাকে অবহিত করার ০৭ (সাত) কার্য দিবসের মধ্যে অবশিষ্ট ৭৫% অর্থ পরিশোধ করতে হবে এবং ইজারা মূল্যের উপর অতিরিক্ত ১৫% মূল্য সংযোজন কর (ভ্যাট) ও ১০% আয়কর প্রদান করতে হবে। অতঃপর ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে কর্তৃপক্ষের সাথে শর্ত সম্বলিত ইজারা চুক্তিপত্র সম্পাদন পূর্বক যথাসময়ে হাট-বাজার/পাবলিক টয়লেটের দখল হস্তান্তর করা হবে।

০৫। দরদাতা নির্ধারিত সময়ের মধ্যে প্রাপ্য ৭৫% অর্থসহ অতিরিক্ত ১৫% মূল্য সংযোজন কর ও ১০% আয়কর জমাদানে ব্যর্থ হলে দরপত্র বাতিলপূর্বক জামানতের অর্থ বাজেয়াপ্ত বলে গণ্য হবে এবং পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

০৬। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতাসহ যে কোন দরদাতার দর বহাল রেখে পুনরায় দরপত্র আহ্বানের ক্ষমতা সংরক্ষণ করেন। বিস্তারিত তথ্য পৌরসভার প্রশাসন বিভাগ থেকে জানা যাবে।

১০.০৪.২০২৫

(মো. শামসুল ইসলাম)

প্রশাসক

কাঁকনহাট পৌরসভা, রাজশাহী।